| বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন | |
|---|---|
| ডাইরি নং: ৫৮২৮ | তারিখ: ২৭/১১/২৫ |
| সদস্য (প্রশাসন ও অর্থ/আইন) | ১। ব্যবস্থা নিন। |
| সদস্য (গ্যাস) | ২। নথিতে উপস্থাপন করুন |
| সদস্য (বিদ্যুৎ) | ৩। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন |
| সদস্য (পেট্রোলিয়াম) | ৪। আলাপ করুন |
| সচিব, বিইআরসি | |
| একান্ত সচিব | |
| চেয়ারম্যান | |

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

----

DD Tariff 27.11.25

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০০০.১৭৩.৯৯.০০০২.২৫.৭৩

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে বিদ্যমান মূল্যহারের প্রজ্ঞাপন সংশোধনপূর্বক মূল্যহার অনুমোদন।**

সূত্র: পেট্রোবাংলা পত্র নং-২৮.০২.০০০০.০০০.০২৬.১.০০০১.১৭.৩৮, তারিখঃ ২৪ নভেম্বর, ২০২৫খ্রি.
বিইআরসি পত্র নং-২৮.০১.০০০০.০১২.১৪.০০৯.২৫.৫৩২০, তারিখঃ ১৮ নভেম্বর, ২০২৫খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৬৪ সালের ২০ নভেম্বর তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি প্রতিষ্ঠিত হয়। এ কোম্পানির মূল উদ্দেশ্য হল তিতাস অধিভুক্ত এলাকায় অবস্থিত বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের মধ্যে প্রাকৃতিক গ্যাস পরিবহণ ও বিতরণ করা। এ লক্ষ্যে গ্যাস পরিবহন ও বিতরণের জন্য পাইপলাইনসহ অন্যান্য আনুষাঙ্গিক গ্যাস স্থাপনা নির্মাণ, গ্যাস সঞ্চালন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যাবলী এ কোম্পানির দায়িত্ব। ২০০৮ সালের জুনের পূর্ব পর্যন্ত এ কোম্পানী ১০০% সরকারী মালিকানাধীন ছিল। ২০০৮ সালের জুন মাসে পুঁজিবাজারে নিবন্ধনের মাধ্যমে সাধারণ বিনিয়োগকারীদের নিকট সরকারের ২৫% শেয়ার হস্তান্তর করা হয়। বর্তমানে এ কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ২,০০০ কোটি টাকা ও ৯৮৯.২২ কোটি টাকা। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের নির্ধারিত মূল্যে বিভিন্ন শ্রেণীর গ্রাহক যেমন-বিদ্যুৎ, বে-সরকারী বিদ্যুৎ,সার, শিল্প, সিএনজি, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও আবাসিক শ্রেণীর গ্রাহকদের নিকট গ্যাস বিক্রয় করে থাকে।

তিতাসের ডিস্ট্রিবিউশন এরিয়ায় গ্যাসের চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের সিদ্ধান্ত প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত হয়েছে। তৎপ্রেক্ষিতে পেট্রোবাংলা গ্যাসের মূল্যহার প্রস্তাব বিইআরসি-তে প্রেরণের প্রেক্ষিতে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি পেট্রোবাংলার কোম্পানি এবং বিইআরসি-এর বিতরণ লাইসেন্সি হিসেবে প্রেট্রোবাংলার প্রস্তাবের আলোকে নিম্নোক্ত প্রস্তাব উপস্থাপন করা হলো।

বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে দেশে বিদ্যুৎসহ শিল্প কারখানায় গ্যাসের সংকট নিরসনকল্পে ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এবং গ্যাসের ঘাটতি রয়েছে এমন এলাকার শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিতকরণে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের মাধ্যমে গ্যাস কম্প্রেসড করে পরিবহনের মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসিএর অধিক্ষেত্রাধীন এলাকার শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হচ্ছে। এক্ষেত্রে ভোলা জেলায় আবিষ্কৃত ০৩(তিন) টি গ্যাস ক্ষেত্রের মধ্যে বর্তমানে শুধুমাত্র শাহবাজপুর গ্যাস ক্ষেত্র হতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। উক্ত গ্যাসক্ষেত্রের দৈনিক গ্যাস উৎপাদন ক্ষমতা ১২০ মিলিয়ন ঘনফুট। স্থানীয় পর্যায়ে বিদ্যুৎ, শিল্প, আবাসিক ইত্যাদি শ্রেণিতে গ্যাসের প্রকৃত ব্যবহার দৈনিক গড়ে ৯০ মিলিয়ন ঘনফুট। অবশিষ্ট সরবরাহযোগ্য উদ্বৃত্ত গ্যাসের পরিমাণ দৈনিক ৩০ মিলিয়ন ঘনফুট। অপরদিকে, ঢাকা ও সংলগ্ন অঞ্চলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ গ্যাস সংকটে ভুগছে। এ প্রেক্ষিতে, সরকার ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছে।

০২। এ প্রেক্ষিতে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠানসমূহের সাথে মতবিনিময় সভার ক্রমিক নম্বর ৬-এ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্তি-০১.pdf) ।

গত ০৮ মে ২০২৩ খ্রি. তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের (এস.আর.ও নম্বর ৯৭-আইন/২০২৩) নিম্নলিখিত বিষয়সমূহ সংশোধনের জন্য অনুরোধ করা যেতে পারে:

"৬.১ 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য বিইআরসি কর্তৃক নির্ধারিত মূল্য (প্রতি ঘনমিটার ৪৭.৫০ টাকা)-কে মূল্যের উর্ধ্বসীমা (ceiling) হিসাবে বিবেচনা করা; এবং

৬.২ 'শিল্প' ও 'ক্যাপটিভ বিদ্যুৎ' গ্রাহক শ্রেণির আওতায় সৃজিত 'ভোলার নন-পাইপ গ্যাস' উপশ্রেণির ক্ষেত্রে ১ (গ) অনুচ্ছেদে উল্লিখিত 'কমপ্রেশন চার্জ' ও 'ডি-প্রেসারাইজেশন চার্জ' শব্দদ্বয় যথাক্রমে 'কমপ্রেশন/লিক্যুইফ্যাকশন চার্জ' ও 'ডিপ্রেসারাইজেশন/রিগ্যাসিফেকেশন চার্জ' শব্দদ্বয় দ্বারা প্রতিস্থাপন করা।

০৩। তৎপ্রেক্ষিতে উপর্যুক্ত সূত্রোক্ত ২ (দুই) নম্বর পত্রের মাধ্যমে ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠানসমূহের মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলাকে অনুরোধ জানানো হয়েছে (সংযুক্তি-০২.pdf) ।

০৪। ইতঃপূর্বে সিএনজি আকারে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের ক্ষেত্রে শিল্প ও ক্যাপটিভ শ্রেণির আওতায় সৃজিত 'ভোলার নন-পাইপ গ্যাস' উপশ্রেণির জন্য 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩' এর ৩৪(ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক গ্যাসের মূল্যহার নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে ২৭ আগস্ট ২০২৪ তারিখে প্রণীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সালের ৭ নং অধ্যাদেশ) এর মাধ্যমে ৩৪(ক) ধারা বিলুপ্তির প্রেক্ষিতে ০৮ মে ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধনের ক্ষমতা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের( সংযুক্তি-০৩.pdf)।

০৫। এ অবস্থায়, গৃহীত সিদ্ধান্তের আলোকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০৮ মে ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের (এসআরও নম্বর: ৯৭-আইন/২০২৩) (সংযুক্তি-০৪.pdf) বিষয়সমূহ নিম্নোক্তভাবে সংশোধনের জন্য অনুরোধ জানানো হলো:

উক্ত প্রজ্ঞাপনের (১)-এর (গ) পাদটীকা "*" এর নিম্নরূপ পাদটীকা "**" সন্নিবেশিত হবে, যথা:-

"** প্রতি ঘনমিটার গ্যাসের মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্য ১৭.৫০ টাকা এবং উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ২৯.৯০ টাকা (কম্প্রেসন/লিক্যুইফ্যাকশন চার্জ ৮.০০ টাকা, পরিবহন চার্জ ২০.৪০ টাকা এবং ডিপ্রেসারাইজেশন/রিগ্যাসিফিকেশন চার্জ ১.৫০ টাকা)।"

০৫। এছাড়াও, ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের ক্ষেত্রে 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য নির্ধারিত মূল্য (প্রতি ঘনমিটার ৪৭.৫০ টাকা)-কে মূল্যের উর্ধ্বসীমা (ceilling) হিসাবে বিবেচনা করে সংযুক্ত মূল্যহার বণ্টন বিবরণীতে (সংযুক্তি-০৫.pdf) উল্লিখিত সার্ভিজ চার্জ অত্র কোম্পানির জন্য প্রতি ঘনমিটার .১০ টাকা হিসেবে সদয় অনুমোদনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, ট্যারিফ নির্ধারণের আবেদন ফিস পরবর্তীতে বাহক মারফত প্রেরণ করা হবে।

২৬-১১-২০২৫


শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক
+৮৮০২৪১০১০৩৬৩ (ফোন)
৮৮-০২-৮১৪২২৫০ (ফ্যাক্স)
mdtitasgas@titasgas.org.bd


চেয়ারম্যান
চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।

**দৃষ্টি আকর্ষণ:**

মহাব্যবস্থাপক (হিসাব), হিসাব বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

**স্মারক নম্বর:** ২৮.১৩.০০০০.০০০.১৭৩.৯৯.০০০২.২৫.৭৩/১ (৩)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।

২৬-১১-২০২৫
শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক

**বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ অনুযায়ী আবেদন ফি ও প্রবিধান ৫-এর চাহিদাকৃত তথ্যাদির তালিকা:**

**প্রবিধান-৩ (২) অনুযায়ী:**

আবেদন ফি বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা, চেক নং-১২৬৭১০ তারিখ: ২৬.১১.২৫ খ্রি. ইউসিবি, কাওরান বাজার শাখা, ঢাকা।

**প্রবিধান-৫ অনুযায়ী:**

(ক) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের কালানুক্রমিক বর্ণনাসহ প্রস্তাবিত ট্যারিফের সার সংক্ষেপ;

(খ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাবের যৌক্তিকতা;

(গ) প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহীত পদ্ধতির বিস্তারিত বিবরণ;

(ঘ) ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হইতে পারে এইরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর কিরূপ সম্পর্কের উদ্ভব হইতে পারে উহা উল্লেখপূর্বক উক্ত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের একটি তালিকা;

(ঙ) ট্যারিফ পরিবর্তন ঘোষণা সংক্রান্ত খসড়া বিজ্ঞপ্তির একটি অনুলিপি;

(চ) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের নিরীক্ষিত বাৎসরিক হিসাবে বিবরণী, তবে সদ্যসমাপ্ত অর্থ বৎসরের হিসাব নিরীক্ষিত না হইলে সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত হিসাব বিবরণী;

(ছ) প্রস্তাব পেশকালীন চলতি বৎসরের সাময়িক হিসাব বিবরণী;

(জ) বর্তমান আর্থিক অবস্থা এবং প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে ভবিষ্যৎ আর্থিক অবস্থার তুলনামূলক বিবরণী;

(ঝ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হইলে সম্ভাব্য আর্থিক প্রভাবের বিস্তারিত বিবরণ;

(ঞ) প্রস্তাবিত ট্যারিফ আবেদনকালের পরবর্তী বৎসরের আর্থিক প্রাক্কলন;

(ট) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের সিস্টেম লস (System Loss) এর বিবরণী; এবং

(ঠ) সেবার বিস্তারিত শর্তাবলীসহ, আবেদনকারীর মতে প্রস্তাব মূল্যায়নে সহায়ক হইতে পারে এইরূপ অন্য যে কোন তথ্য;

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা অনু-৫কে) অনুযায়ী বিগত ৩ বছরের ট্যারিফ সারসংক্ষেপ:**

(প্রতি ঘনমিটার/টাকা)

| গ্রাহক শ্রেণী | বিগত ৩ বছরের ট্যারিফ সারসংক্ষেপ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ জুন, ২০২২ হতে | ১ ফেব্রুয়ারি, ২০২৩ হতে | ১ ফেব্রুয়ারি, ২০২৪ হতে | ১ মে, ২০২৪ হতে | ১৩ এপ্রিল-২০২৫ হতে |
| ১। বিদ্যুৎ(সরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, আইপিপি ও রেন্টাল) | ৫.০২ | ৫.০২ | ১৪.৭৫ | ১৫.৫০ | ১৫.৫০ |
| ২। ক্যাপটিভ পাওয়ার প্লান্ট, এসপিপি ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র | ১৬.০০ | ১৬.০০ | ৩০.৭৫ | ৩১.৫০ | নতুন গ্রাহক ৪২.০০, প্রতিশ্রুত গ্রাহক ৫০% লোডের ৫০% পর্যন্ত ৩১.৫০ এবং ৫০%-এর উর্দ্ধে ব্যবহার ৪২.০০, বিদ্যমান গ্রাহক অনুমোদিত লোড পর্যন্ত ৩১.৫০, লোডের উর্দ্ধে ৪২.০০ টাকা। |
| ৩। সার | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ |
| ৪। শিল্প | | | ৩০.০০ | ৩০.০০ | নতুন গ্রাহক ৪০.০০, প্রতিশ্রুত গ্রাহক ৫০% লোডের ৫০% পর্যন্ত ৩০.০০ এবং ৫০%-এর উর্দ্ধে ব্যবহার ৪০.০০, বিদ্যমান গ্রাহক অনুমোদিত লোড পর্যন্ত ৩০.০০, লোডের উর্দ্ধে ৪০.০০ টাকা। |
| ক) বৃহৎ শিল্প | ১১.৯৮ | ১১.৯৮ | | | |
| খ) মাঝারি শিল্প | ১১.৭৮ | ১১.৭৮ | | | |
| গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য | ১০.৭৮ | ১০.৭৮ | | | |
| ৫। চা শিল্প(চা বাগান) | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ |
| ৬। ক)বাণিজ্যিক(হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য | ২৬.৬৪ | ২৬.৬৪ | ৩০.৫০ | ৩০.৫০ | ৩০.৫০ |
| খ) বাণিজ্যিক(ক্ষুদ্র ও কুটির শিল্প) | ১০.৭৮ | - | - | - | - |
| ৭। সিএনজি ফিড গ্যাস | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ |
| ৮। গৃহস্থালি | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ |

Mamun
26.11.25

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka

CamScanner

**প্রবিধানমালা ৫(খ): ট্যারিফ পরিবর্তন প্রস্তাবের যৌক্তিকতা:**

বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে দেশে বিদ্যুৎসহ শিল্প কারখানায় গ্যাসের সংকট নিরসনকল্পে ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এবং গ্যাসের ঘাটতি রয়েছে এমন এলাকার শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিতকরণে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের মাধ্যমে গ্যাস কম্প্রেসড করে পরিবহনের মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসিএর অধিক্ষেত্রাধীন এলাকার শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হচ্ছে। এক্ষেত্রে ভোলা জেলায় আবিষ্কৃত ০৩(তিন) টি গ্যাস ক্ষেত্রের মধ্যে বর্তমানে শুধুমাত্র শাহবাজপুর গ্যাস ক্ষেত্র হতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। উক্ত গ্যাসক্ষেত্রের দৈনিক গ্যাস উৎপাদন ক্ষমতা ১২০ মিলিয়ন ঘনফুট। স্থানীয় পর্যায়ে বিদ্যুৎ, শিল্প, আবাসিক ইত্যাদি শ্রেণিতে গ্যাসের প্রকৃত ব্যবহার দৈনিক গড়ে ৯০ মিলিয়ন ঘনফুট। অবশিষ্ট সরবরাহযোগ্য উদ্বৃত্ত গ্যাসের পরিমাণ দৈনিক ৩০ মিলিয়ন ঘনফুট। অপরদিকে, ঢাকা ও সংলগ্ন অঞ্চলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ গ্যাস সংকটে ভুগছে। এ প্রেক্ষিতে, সরকার ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছে। ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের ক্ষেত্রে 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য মূল্যহার নির্ধারণের জন্য প্রস্তাব করা হয়েছে।

Mamun
26.11.25

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক ([illegible])
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25

মো. [illegible]
ব্যবস্থাপক ([illegible])
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি

25/11/25

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

25/11/25

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(গ) প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহিত পদ্ধতির বিস্তারিত বিবরণ:**

ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহণ করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহে আগ্রহী প্রতিস্ঠানের সাথে মতবিনিময় সভার কার্যবিবরনী অনুযায়ী (কার্যবিবরণী সংযুক্ত)।

Mamun
26.11.25
আহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫
Md Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(ঘ) ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হতে পারে এরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর কিরূপ সম্পর্কের উদ্ভব হতে পারে উহা উল্লেখপূর্বক উক্ত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের তালিকা:**

১। ট্যারিফ পরিবর্তনের ফলে যে সকল গ্রাহক প্রভাবিত হতে পারে তাদের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক নিম্নরূপ:

অত্র কোম্পানী ১৯৬৮ সাল হতে কোম্পানি গ্যাস বিক্রয় করে আসছে। ফলে প্রস্তাবিত প্রাইসিং প্রস্তাবে যারা প্রভাবিত হবে তারা হলো কোম্পানির গ্রাহক। ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত কোম্পানীর মোট গ্রাহক সংখ্যা ২৮,৮৪,৮৫৩টি।

২। প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে গ্রাহকের সাথে কোম্পানির নিম্নরূপ সম্পর্কের উদ্ভব হতে পারে:

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণী | মূল্যহার প্রভাব | কোম্পানি এবং গ্রাহক সম্পর্ক প্রভাব |
|---|---|---|---|
| ১ | বিদ্যুৎ | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৩ | সার | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৪ | শিল্প | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৫ | চা-বাগান | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৬ | বাণিজ্যিক | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৭ | সিএনজি, ফিড গ্যাস | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |
| ৮ | গৃহস্থালী | প্রভাব পড়বে না। | সম্পর্কে প্রভাব পড়বে না। |

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালিটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালিটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(৬) ট্যারিফ পরিবর্তন ঘোষণা সংক্রান্ত খসড়া বিজ্ঞপ্তির একটি অনুলিপি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১২১৫।

সূত্র নং:....... তারিখ:........

গনবিজ্ঞপ্তি

১। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে মূল্যহার ৪৭.৫০ টাকা পুনর্নির্ধারণ করা হলো:

কমিশনের আদেশক্রমে,

সচিব
টেলিফোন:

Mamun
26.11.25
জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫
Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC

২৬/১১/২৫
MD MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(চ) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের নিরীক্ষিত বাৎসরিক হিসাব বিবরণী, তবে সদ্যসমাপ্ত অর্থ বৎসরের হিসাব <u>নিরীক্ষিত না হইলে সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত হিসাব বিবরণী:</u>**

১) বিগত তিন বছর ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন সংযুক্ত ।

26.11.25
জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)

25/11/25
Humayun Kabir Khan
General Manager
Accounts Department
Gas T & D PLC.

25/11/25
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Bazar C/A, Dhaka-1215

CamScanner

**<u>প্রবিধানমালা ৫(ছ)</u> প্রস্তাব পেশকালীন চলতি বৎসরের সাময়িক হিসাব বিবরণী:**

কোম্পানির চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-২৫ হতে সেপ্টেম্বর-২৫ পর্যন্ত) হিসাব (সর্বশেষ) সংযুক্ত।

26.11.25
জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫
Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**<u>প্রবিধানমালা ৫(জ) বর্তমান আর্থিক অবস্থা এবং প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে ভবিষ্যৎ আর্থিক অবস্থার তুলনামূলক বিবরণী:</u>**

তিতাস গ্যাসের আওতাধীন যে সকল প্রতিষ্ঠানে ভোলার গ্যাস সরবরাহ করা হবে ঘনমিটার প্রতি .১০ টাকা হিসেবে সার্ভিস চার্জ প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলন অনুযায়ী কোম্পানির আওতাধীন গ্রাহকে গ্যাস সরবারহ করা হলে কোম্পানি প্রতিবছর অতিরিক্ত ৩.১০ কোটি টাকা রেভিনিউ বেশি পাবে।

26.11.25
জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও রয়্যালটি শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫
Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
... Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(ঝ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হইলে সম্ভাব্য আর্থিক প্রভাবের বিস্তারিত বিবরণ:**

প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হলে প্রাক্কলিত হিসাব অনুযায়ী কোম্পানি ৩.১০ কোটি টাকা রেভিনিউ থেকে বঞ্চিত হবে।

26.11.25

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(ঞ) প্রস্তাবিত ট্যারিফ আবেদনকালের পরবর্তী বৎসরের আর্থিক প্রাক্কলন:**

প্রস্তাবিত ট্যারিফ বাস্তবায়িত হলে ভোলা হতে বাৎসরিক ৩১০.০৭ এমএমসিএম গ্যাস সরবরাহ করা হলে তিতাস গ্যাসের সার্ভিস চার্জ হিসেবে ৩.১০ কোটি টাকা আয় বৃদ্ধি পাবে। ফলে পরবর্তী বছর হতে কোম্পানির আর্থিক সক্ষমতা কিছুটা হলেও বৃদ্ধি পাবে।

26.11.25
জাহেদ হোসেন মামুন
উপ-ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25
মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫
Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

২৬/১১/২৫
MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫(ট) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের সিস্টেম লস (System Loss) এর বিবরণী:**

২০২২-২০২৩ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত কোম্পানির ক্রয়-বিক্রয়ের পার্থক্য তথা মোট সিস্টেম লস সম্পর্কিত তথ্য নিম্নে প্রদত্ত হল:

| অর্থবছর | সিস্টেম লসের হার | মন্তব্য |
|---|---|---|
| ২০২২-২০২৩ | ৫.২৮% | |
| ২০২৩-২০২৪ | ৭.৬৭% | |
| ২০২৪-২০২৫ | ৭.৪৭% | |

**সিস্টেম লসের কারণসমূহ:**

* অবৈধ সংযোগের মাধ্যমে গ্যাস ব্যবহার করায় সৃষ্ট লস:

* পাইপ লাইন পুরাতন/ক্ষয়প্রাপ্ত হওয়ায় বিতরণ নেটওয়ার্কের লিকেজজনিত লস;

* বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক মাটির নীচে কাজ করার সময় পাইপলাইন ক্ষতিগ্রস্ত করায় সৃষ্ট লস;

* বিভিন্ন রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম পরিচালনাকালে গ্যাস পার্জিং করার ফলে সৃষ্ট লস;

*মিটারবিহীন আবাসিক গ্রাহক/ফ্ল্যাট রেট (Fixed Billing) ব্যবস্থায় ব্যবহৃত গ্যাসের প্রকৃত পরিমাণ নিরূপণ করতে না পারার কারণে সৃষ্ট লস;

* গ্যাস ইনটেক পয়েন্ট এবং গ্রাহক পর্যায়ে পরিমাপজনিত মিটারিং সিস্টেম এর ভিন্নতার কারণে পরিমাপজনিত ত্রুটির ফলে সৃষ্ট লস:

*মিটারবিহীন আবাসিক গ্রাহকের হাউজ লাইন হতে লিকেজ এর কারণে সৃষ্ট লস।

Mamun
26.11.25

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

26/11/25

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
Central Accounts Department
Titas Gas T & D PLC.

26/11/25

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

**প্রবিধানমালা ৫ (ঠ) সেবার বিস্তারিত শর্তাবলীসহ, আবেদনকারীর মতে প্রস্তাব মূল্যায়নে সহায়ক হইতে পারে এইরূপ অন্য যে কোন তথ্য:**

ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পাবে। ফলে দেশের জনগনের কর্মসংস্থান হবে এবং দেশের অর্থনৈতিক গতি বৃদ্ধি পাবে।

Mamun
26.11.25

জাহেদ হোসেন মামুন
সহকারী ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি.

26.11.25

মো. শহীদুল ইসলাম
ব্যবস্থাপক (গ্যাস ক্রয় ও প্রাইসিং শাখা)
কেন্দ্রীয় হিসাব বিভাগ
তিতাস গ্যাস টিএন্ডডি পিএলসি

২৬/১১/২৫

Md. Humayun Kabir Khan
Deputy General Manager
[illegible] Accounts Department
[illegible] Gas T & D PLC.

২৬/১১/২৫

MD. MOHIUDDIN MOLLAH
General Manager (Accounts)
Titas Gas T & D PLC
Kawran Bazar C/A, Dhaka-1215

CamScanner

## প্রাকৃতিক গ্যাসের মূল্যহার বন্টন বিবরণী (ভোলার নন -পাইপ গ্যাস)

(দৈনিক গড়ে ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ বিবেচনায়)

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণি | গ্যাস বিক্রয় (এমএমসিএম) | উৎপাদন চার্জ ** | | এলএনজি চার্জ | | গ্যাস উন্নয়ন তহবিল | | বিইআরসি গবেষণা তহবিল | | জ্বালানি নিরাপত্তা তহবিল | | ট্রান্সমিশন চার্জ | | এসজিসিএল এর ডিস্ট্রিবিউশন চার্জ | | টিজিটিডি পিএলসি এর সার্ভিস চার্জ | | মূল্য সংযোজন কর | | ভোক্তা পর্যায়ে মূল্যহার * | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | মূল্যহার (টাকা/ ঘনমিটার) | মোট রাজস্ব (কোটি টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫=(৩x৪) | ৬ | ৭=(৩x৬) | ৮ | ৯=(৩x৮) | ১০ | ১১=(৩x১০) | ১২ | ১৩=(৩x১২) | ১৪ | ১৫=(৩x১৪) | ১৬ | ১৭=(৩x১৬) | ১৮ | ১৯=(৩x১৮) | ২০ | ২১=(৩x২০) | ২০=(৪+৬+৮+১০+১২+১৪+১৬+১৮+২০) | ২২=(৫+৭+৯+১১+১৩+১৫+১৭+১৯+২১) |
| ১ | শিল্প/ক্যাপটিভ (ভোলার নন -পাইপ গ্যাস) | ৩১০.০৭ | ৪.১৭২৬ | ১২৯.৩৮ | ৮.৮২৪৮ | ২৭৩.৬৩ | ০.৪১ | ১২.৭১ | ০.০৩ | ০.৯৩ | ০.৪২ | ১৩.০২ | ১.০২ | ৩১.৬৩ | ০.২৪ | ৭.৪৪ | ০.১০০০ | ৩.১০ | ২.২৮২৬ | ৭০.৭৮ | ১৭.৫০ | ৫৪২.৬২ |
| | মোট | ৩১০.০৭ | ৪.১৭২৬ | ১২৯.৩৮ | ৮.৮২৪৮ | ২৭৩.৬৩ | ০.৪১ | ১২.৭১ | ০.০৩ | ০.৯৩ | ০.৪২ | ১৩.০২ | ১.০২ | ৩১.৬৩ | ০.২৪ | ৭.৪৪ | ০.১০ | ৩.১০ | ২.২৮২৬ | ৭০.৭৮ | ১৭.৫০ | ৫৪২.৬২ |

* ভোলার নন-পাইপ গ্যাস গ্রাহক উপশ্রেণির জন্য নির্ধারিত মূল্য ৪৭.৫০ টাকা/ঘনমিটার,ফিড গ্যাসের মূল্য ১৭.৫০ টাকা/ঘনমিটার, উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ২৯.৯০ টাকা/ঘনমিটার এবং ডিমান্ড চার্জ ০.১০ টাকা/ঘনমিটার।

**উৎপাদন চার্জের মধ্যে বাপেক্স এর ওয়েলহেড মার্জিন ৪.০০ টাকা/ঘনমিটার, পেট্রোবাংলার চার্জ ০.০৬৮৩ টাকা/ঘনমিটার এবং আরপিজিসিএল এর এলএনজি অপারেশনাল চার্জ ০.১০৪৩ টাকা/ঘনমিটার।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/০৮ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর ৯৭-আইন/২০২৩।—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর-১৪-আইন/২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) Table এর—

(ক) কলাম (১) এর ক্রমিক নং ২ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | |
|---|---|---|
| ২। | ক্যাপটিভ বিদ্যুৎ | |
| | (ক) ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র | ৩০.০০ |
| | **(খ) ভোলার নন-পাইপ গ্যাস | ৪৭.৫০ |

”;



মূল্য : টাকা ৪.০০

(খ) কলাম (১) এর ক্রমিক নং ৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | |
|---|---|---|
| ৪। | শিল্প : | |
| | (ক) বৃহৎ | ৩০.০০ |
| | (খ) মাঝারি | ৩০.০০ |
| | (গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য | ৩০.০০ |
| | **(ঘ) ভোলার নন-পাইপ গ্যাস | ৪৭.৫০ |

";

(গ) পাদটীকা "*" এর পর নিম্নরূপ পাদটীকা "**" সন্নিবেশিত হইবে, যথা :—

"** প্রতি ঘনমিটার গ্যাসের মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্য ১৭.০০ টাকা এবং উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ৩০.৫০ টাকা (কম্প্রেসন চার্জ ৮.০০ টাকা, পরিবহন চার্জ ২১.০০ টাকা এবং ডি-প্রেসারাইজেশন চার্জ ১.৫০ টাকা) অন্তর্ভুক্ত।";

(২) শর্ত এর পরিবর্তে নিম্নরূপ শর্ত প্রতিস্থাপিত হইবে, যথা :—

"শর্ত :—

গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণি, যথা : বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র), ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট, বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র ও ভোলার নন-পাইপ গ্যাস), সার, শিল্প (বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, কুটির ও অন্যান্য এবং ভোলার নন-পাইপ গ্যাস), চা-শিল্প (চা-বাগান), বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য) এবং সিএনজি এর ক্ষেত্রে প্রতি ঘনমিটারে (মাসিক অনুমোদিত লোডের বিপরীতে) ০.১০ টাকা হারে ডিমান্ড চার্জ প্রযোজ্য হইবে, তবে বিদ্যুৎ গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো বিদ্যুৎ কেন্দ্রে এবং সার গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো সার কারখানায় কোনো মাসে গ্যাস সরবরাহকারী/ বিতরণ কোম্পানি কর্তৃক ১৫ (পনেরো) দিন বা তাহার বেশি গ্যাস সরবরাহ বন্ধ রাখা হইলে উক্ত গ্রাহকের ক্ষেত্রে উক্ত মাসে ডিমান্ড চার্জ প্রযোজ্য হইবে না।"।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd